

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ইবনু ওয়াদ'আনের 'চল্লিশ হাদীস' গ্রন্থের সকল হাদীস

শ্যে হিজরী শতকের অন্য একজন আলিম ইরাকের মাওসিলের কাযি আবূ নাস্ত্র মুহাম্মাদ ইবনু আলী ইবনু ওয়াদ'আন (৪৯৪ হি)। তিনি 'আল-আরবাঈন' বা 'চল্লিশ হাদীস' নামে হাদীসের একটি সংকলন রচনা করেন। এ সংকলনের সকল হাদীসই জাল বা বানোয়াট কথা। ইমাম সুয়ূতী বলেন, এ 'চল্লিশ হাদীস' নামক গ্রন্থের হাদীস নামক জাল কথাগুলোর বক্তব্য খুবই সুন্দর। এগুলোর মধ্যে হদয় গলানো ওয়ায রয়েছে। কিন্তু কথা সুন্দর হলেই তো তা রাসূলুল্লাহ (ﷺ) -এর কথা বলে গণ্য হবে না। বিশুদ্ধ সনদে তাঁর থেকে বর্ণিত হতে হবে। এ গ্রন্থের সকল হাদীসই জাল। তবে জালিয়াতগণ কোনো কোনো জাল হাদীসের মধ্যে সহীহ হাদীসের কিছু বাক্য ঢুকিয়ে দিয়েছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4738

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন